মেহেরপুরে পানিতে ডুবে মৎস্যজীবির মৃত্যু

সেউটিয়া নদীর পানিতে ডুবে ইরাজ আলী (৬০) নামের একজন মারা গেছেন। নিহত ইরাজ উদ্দীন মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামের শেখপাড়া এলাকার মৃত আবু তাহেরের ছেলে।

আজ শনিবার সাড়ে ৫ টার দিকে সেউটিয়া নদীর হিজুলীয়া গ্রাম এলাকা থেকে তার মরদেহ উদ্ধার করে স্থানীয়রা।

নিহত ইরাজ উদ্দীনের ছেলে কামাল হোসেন জানান, বাবা সকালের দিকে জাল দিয়ে মাছ ধরার পর স্থানীয় বাজারে বিক্রি করে আবারো দুপুরের দিকে মাছ ধরতে যান।কোনো এক সময় টিনের তৈরী ডোঙার উপর থেকে পানিতে পড়ে মারা যান তিনি।

পরিবারের লোকজন প্রথম দিকে সে বাজারে মাছ বিক্রি করছেন এমনটি ভেবে খোঁজ নেয়নি। সন্ধ্যার দিকে তাকে খোঁজা খুজির এক পর্যায়ে হিজুলীয়া গ্রাম এলাকায় তার ব্যবহৃত ডোঙাটি দেখতে পাওয়া যায়। পরে স্থানীয়রা পানিতে নেমে খোঁজাখুজির এক পর্যায়ে নৌকার নিচ থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান এ তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীতে বিনা পয়সায় সবজি পেলো নিম্নবিত্ত মানুষ

নভেল করোনা ভাইরাসের কারনে কর্মহীন হয়ে পড়া ও নিম্নআয়ের মানুষেরা বাজারে গিয়ে পুইশাক, মিষ্টি কুমরো, লাউ, বাধাকপি ও ঝাল-লবণসহ নিত্যপ্রয়োজনীয় সামগ্রী পেলো বিনা পয়সায়। সড়কের পাশে রাখা এসব সবজি¦ ব্যাগ ভরে নিয়ে গেলেন নিম্নবিত্ত পরিবার গুলো।

গতকাল শনিবার বিকেলে মেহেরপুরের গাংনী শহরের তহবাজারের অদূরবর্তী কাথূলী মোড়ে সড়কের সাথেই এ বিনা পয়সার সবজি¦ বাজার বসান গাংনী পৌর ছাত্রলীগ।

পৌর ছাত্রলীগের এ ব্যতিক্রমী আয়োজনে অনেকটাই খুশি নিম্নআয়ের মানুষেরা। এ সবজি¦ বিতরনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিব সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন।

এখন পর্যন্ত মেহেরপুর করোনা মুক্ত

মেহেরপুরে মোট ১৭৪ জনের নমুনা পাঠানো হয়েছিল আইডিসিআর এ।

আজ শনিবার ৩১ জনের রিপোর্ট এসেছে এদের মধ্যে সবাই করোনা নেগেটিভ।

এ পর্যন্ত প্রাপ্ত সর্বমোট রেজাল্ট এসেছে ১৩৮ টির, সবগুলোই নেগেটিভ

মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, মেহেরপুর এখন পর্যন্ত করোনা মুক্ত আছে।

মুক্তিযোদ্ধা কানাই লালের মৃত্যু

মেহেরপুরের সাবেক জেলা তথ্য অফিসার বীর মুক্তিযোদ্ধা কানাইলাল মৃত্যু বরণ করেছে। শনিবার সকালে মেহেরপুর শহরের কাশারীপাড়া ভাড়া বাড়িতে স্টোক করে মৃত্যু বরণ করেন। রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অফ অনার প্রদান করা হয়।

তিনি মেহেরপুর জেলার সাবেক তথ্য অফিসার। মুক্তিযোদ্ধা কানাইলালের দেশের বাড়ি বাগেরহাট জেলা পাইনগাছা ইউনিয়নে। সহকারী কমিশনার মাহামুদুল হাসান উপস্থিত থেকে তার রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অফ অনার কাজ সম্পন্ন করা হয়।

পরে তার লাশ নিজ এলাকা বাগেরহাটের উদ্দেশ্যে প্রেরণ করা হয়।

করোনায় মারা গেল আরও ৯ জন, নতুন আক্রান্ত ৩০৬

দেশে গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে আরও ৯ জনের মৃত্যু হয়েছে। এছাড়া এই সময়ে নতুন করে শনাক্ত হয়েছেন আরও ৩০৬ জন।

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩০৬ জন করোনাভাইরাসে সংক্রমিত রোগী শনাক্ত হয়েছে এবং ২৪ ঘণ্টায় নতুন করে ৯ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়াল ৮৪ জনে। । এ নিয়ে দেশে মোট শনাক্তের সংখ্যা দাঁড়াল ২,১২৪।

আজ শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন বুলেটিনে সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা।

কুষ্টিয়ার আবুরীতে কর্মহীনদের মাঝে ভিডি ট্রাস্ট’র খাদ্য সহায়তা বিতরণ

কুষ্টিয়ার মিরপুর উপজেলার আবুরী গ্রামে কর্মহীন মানুষের মাঝে খাদ্য সহায়তা বিতরণ করা হয়েছে। গ্রামের প্রবাসী যুবকদের গড়া অলাভজনক সংগঠন গ্রাম উন্নয়ন সংস্থা- ভিডি ট্রাস্ট এ খাদ্য সহায়তা বিতরণ করে। এতে গ্রামের সাতটি মহল্লার ৬০টি পরিবারের মাছে চাল, ডাল, আলু, তেল, লবণ ও সাবার বিতরণ করা হয়। কর্মহীনদের মাঝে খাদ্য সহায়তার প্যাকেট তুলে দেন সংগঠনের উপদেষ্টা প্রবীণ রাজনীতিক মীর মুছাদ্দেক হোসেন।

সংগঠনের আহবায়ক মীর মামুন হোসেন জানান, করোনা পরিস্থিতিতে গ্রাম-বাংলার অনেক মানুষ কর্মহীন হয়ে পড়েছে। পরিস্থিতির শিকার হয়েছেন অনেকে। এমন দূর্যোগের সময় একে অপরের পাশে দাঁড়ানো সবারই উচিত। সকলেরই সহযোগিতা হাত বাড়িয়ে দেয়া দরকার।

তিনি আরও বলেন, গ্রাম উন্নয়ন সংস্থা আবুরী গ্রামের অবকাঠামো উন্নয়নসহ আধুনিক-আদর্শ গ্রাম গড়ে তুলতে কাজ করছে। বরাবরই দরিদ্র, অসহায় মানুষের পাশে ছিলো ভিডি ট্রাস্ট। তারই ধারাবাহিকতায় করোনা পরিস্থিতিতে কর্মহীন মানুষে পাশে দাঁড়িয়েছে সংগঠনটি। আগামীতের এ ধারা অব্যাহত ধাকবে।

খাদ্য সহায়তা বিতরণকালে সংগঠনের উপদেষ্টা মীর মুছাদ্দেক হোসেন বলেন, বিশ^ সংকটের এ সময় আমাদের সকলকে নিজ নিজ ঘরে থেকে এ সংকটের মোকাবিলা করতে হবে। সরকার ঘোষিত ¯^◌াস্থ্যবিধি ও গণজমায়েত এড়িয়ে চলার নির্দেশনা পালনের আহŸ◌ান জানান তিনি।

মেহেরপুরের বাবুরপাড়ায় গৃহবধুর ঝুলন্ত লাশ উদ্ধার!

মেহেরপুর সদর উপজেলার বাবুরপাড়া গ্রাম থেকে কল্পনা খাতুন নামের এক গৃহবধুর ঝুলন্ত লাশ উদ্ধার করেছে সদর থানা পুলিশ।
গত শুক্রবার দিবাগত রাত ১১টার দিকে স্বামী লিটন এর বাড়ি থেকে কল্পনার লাশ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠায় সদর থানা পুলিশ।
মৃত কল্পনা খাতুন সদর উপজেলার উত্তর শালিকা গ্রামের উম্মর আলীর মেয়ে।
তবে পরিবারের অভিযোগ জমিজমা সংক্রান্ত বিষয়ে দির্ঘদিন ধরে বিরোধ চলছিল কল্পনার সাথে তার শুশুর বাড়ির লোকজনের। এজন্য তাকে হত্যা করে লাশ ঝুলিয়ে রেখেছিল।
মেহেরপুর সদর থানার এসআই আহসান হাবিব বলেন, আমি খবর পেয়ে বাবুর যায়।
সেখানে তার শুশুর বাড়ির দোতলার একটি রুমের ফ্যানের সাথে ঝোলানো অবস্থায় কল্পনার লাশ দেখতে পায়। পরে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠনো হয়।
তার শুশুর বাড়ির লোকজনের সাথে কথা বলে প্রাথমিক ভাবে জানতে পারি জমি নিয়ে একটু বিরোধ ছিল।
তবে লাশের প্রাথমিক আলামতে আত্মহত্যা মনে হচ্ছে। ময়না তদন্তের পর আসল কারন জানা যাবে।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, লাশ ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে।
রিপোর্ট আসার পর পরবর্তি পদক্ষেপ নেওয়া হবে। এ ঘটনায় এখনো পর্যন্ত কোন অভিযোগ করেনি কেউ।

মেপ্র/এমএফআর

ওয়েভ ফাউন্ডেশনের খাদ্য

সামগ্রী দর্শনা থানার ওসিকে হস্তান্তর

করোনা ভাইরাসের প্রদুর্ভাবে দর্শনা সারা দেশে লকডাউন চলছে। ফলে ভ্যান চালক, অটোরি·◌া চালক ছোট ব্যবসায়ী, চায়ের দোকানদার এবং দিন আনা দিন খাওয়া পরিবারের লোকজন বিপাকে পড়েছে।
এ সংকটময় মুহুর্তে দর্শনা থানা পুলিশ সরকারের পাশাপাশি বিভিন্ন ব্যাক্তি, প্রতিষ্ঠান ও নিজ উদ্যোগে সহায়তা নিয়ে এসব পরিবারকে খাদ্য
উপহার দিয়ে যাচ্ছে।
গতকাল বিকাল ৫টার দিকে এ অঞ্চলের সকলের প্রিয় প্রতিষ্ঠান ওয়েভ ফাউন্ডেশন ৪৩টি পরিবারকে খাদ্য সহায়তা প্রদান করতে দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমানের হাতে খাদ্য সামগ্রী তুলে দেন। এর মধ্যে ছিলো চাল, আলু, পিয়াজ, সোয়বিন তেল, ডাল, ও সাবান।
এসব খাদ্য উপহার তুলে দেওয়ার সময় উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের ১
নং রিজিওনাল ম্যানেজার জিল্লুর রহমান যুদ্ধ, প্রকল্প সমš^য়কারী কিতাব
আলী, মানব সম্পদ বিভাগের হাসমত কবির, কামরুজ্জামান যুদ্ধ ও মাহাবুবুর রহমান মুকুল।

কুষ্টিয়া চাল নিয়ে চালবাজি, গোডাউন সিলগালা

কুষ্টিয়া শহরের চৌড়হাস সিকুর অটো গ্যারেজে রাখা ৮০ বস্তা চাউল নিয়ে নানা গুঞ্জন। গতকাল শুক্রবার সন্ধ্যায় প্রশাসন ওই গ্যারেজে অভিযান
চালায়। পরে কুষ্টিয়া সদর উপজেলার নির্বাহী অফিসার এসে গোডাউন সিলগালা করে।
জানা যায়, সিকু একজন অটো গ্যারেজ মালিক। তার সাথে স্থানীয় এক

কাউন্সিলের ভালো সম্পর্ক রয়েছে। গতকাল গভীর রাতে দুই অটো যোগে এই চাউল সিকুর অটো গ্যারেজের পাশের গোডাউনে রাখে। এই দেখে এলাকাবাসীর সন্দেহ হয়। তারা প্রশাসনকে জানায়।
স্থানীয়দের দাবি, এই চাল ত্রাণের। গভীর রাতে বস্তা পরিবর্তন করা হয়েছে।
এদিকে সিকুর সাথে কথা বললে তিনি জানান, গত ১৬ এপ্রিল বিকেলে
এই চাউল মেসার্স শিমুল ট্রেডার্স (দোস্তপাড়া, জগতি, কুষ্টিয়া) থেকে ক্রয় করে সজল ষ্টোর। আমি সেই চাউল আমার গোডাউনে রেখে দিয়েছি। ৮০ বস্তা চাউল ৮৮ হাজার টাকা দিয়ে কেনা হয়েছে। এটা
কোন সরকারি চাউল না। এই চাউল সজল ষ্টোরে না রেখে আপনার এখানে রাখার কারণ কি? জানতে চাইলে তিনি বলেন, তার ওখানে রাখার জায়গা নেই বলে এখানে রাখা।
এদিকে মেসার্স শিমুল ট্রেডার্স এর প্রোপাইটর সেলিম উদ্দিনের সাথে কথা বললে তিনি জানান, গত বৃহস্পতিবার সকালে এই চাউল
কেনে সিকু।

এদিকে কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার জুবায়ের হোসেন চৌধুরী সাথে কথা বললে তিনি বলেন, আমরা আপাতত এই চাউলের
গোডাউন সিলগালা করলাম। পরে তদন্ত করা হবে।
এদিকে এলাকাবাসী আরো জানান, চৌড়হাস এলাকায় ত্রাণ নিয়ে
নয়ছয় হয়েছে। অনেকেই চাউল পায়নি। এই এলাকার কাউন্সিলর ¶মতাধর ব্যক্তি। আমরা তার বিরুদ্ধে প্রকাশ্যে কথা সমস্যা আছে। তাদের দাবি
এবিষয়ে সুষ্ঠু তদন্তের।

দর্শনায় ৪ কেজি গাঁজাসহ এক জন আটক

দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের হৈবতপুর গ্রামের মাঠ থেকে চার কেজি গাজাসহ একজনকে আটক করেছে দর্শনা থানা পুলিশ।
গতকাল শুক্রবার বেলা ৫ টার দিকে দর্শনা থানার অফিসার্স ইনচার্জ মাহাবুবুর রহমান এর নেত্রীত্বে এস আই সাইফুল ইসলাম সঙ্গীও ফোর্স

নিয়ে ছোট বলদিয়ার আফসার আলীর ঘর জামাই এবং মৃত খোদা বক্র এর ছেলে গিয়াস উদ্দিন (৩২) কে ৪ কেজি গাজাসহ গ্রেফতার করে পুলিশ। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে হৈবতপুর মাঠে গিয়াস উদ্দিন অভিনব কৌশলে ঘাসের বস্তার মধ্যে ৪ বান্ডেল গাজাসহ অবস্থান করছিল। এসময় পুলিশ ক্রেতা সেজে সাদা পোষাকে ৪ কেজিসহ গাঁজা সহ গিয়াস উদ্দিকে গ্রেফতার করতে স¶ম হয়।
উল্লেখ্য নবগঠিত দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান একের পর এক অভিযান অব্যহত রেখে চলেছে। ইত্যেমধ্যে জন-সাধারণের বেশ প্রসংশা পেয়েছে।